বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'-এর চতুর্থ প্রান্তিকের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ নূর-উজ-জামান চৌধুরী<br>মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড এক্সপ্লোরেশন) ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ০৯ মে ২০২২ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | সভাপতির দপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০। আলোচনা:

২.১। সভাকে অবহিত করা হয় যে, বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি ২০২২ - মার্চ ২০২২) বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন (প্রমাণকসহ) নির্ধারিত সময়ের (১৫ এপ্রিল ২০২২) পূর্বেই গত ০৫ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এ দাখিল এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়। উক্ত প্রতিবেদনটি যথাযথ হওয়ায় পেট্রোবাংলা কর্তৃক আয়োজিত গত ১১ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিকের ফিডব্যাক সভায় বিসিএমসিএল-কে বিশেষ ধন্যবাদ প্রদান করা হয়েছে। সভায় এ বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয় এবং এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে মর্মে মতামত ব্যক্ত করা হয়।

২.২। সভায় বিসিএমসিএল-এর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল ২০২২ - জুন ২০২২) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**………………………………………… | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট বিভাগ | ১০০ | ১০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ৪র্থ কোয়ার্টার: মহাব্যবস্থাপক (মাইন অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস্) | ৪ | ১ |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | মালামাল অকেজো ঘোষণা ও নিষ্পত্তিকরণ সংক্রান্ত নীতিমালা প্রণীত | ১ | তারিখ | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩০.০৬.২২ | ৩০.০৬.২২ |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্ম-পরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ৪ | তারিখ | নৈতিকতা কমিটি/উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৩০.০৬.২১<br>১৫.১০.২১<br>১৫.০১.২২<br>১৫.০৪.২২<br>১৫.০৭.২২ | ১৫.০৭.২২ |
| ১.৭ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি/উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৩০.০৬.২২ | ৩০.০৬.২২ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ...........................................................................** | | | | | | |
| ৩.২ ক্রয়কার্যে ই-জিপি টেন্ডারে সর্বোচ্চ ব্যবহারকরণ | ই-জিপি তে টেন্ডার আহ্বানকৃত | ৪ | % | মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ৮০ | ৮০ |
| ৩.৩ বিদ্যুতের অপচয় রোধকল্পে পদক্ষেপ গ্রহণ | বিদ্যুতের অপচয় রোধে পদক্ষেপ গৃহীত | ৪ | % | সকল মহাব্যবস্থাপক | ৪ | ১ |
| ৩.৪ মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাইকরণ | মালামালের গুণগতমান দ্রুততম সময়ের মধ্যে যাচাইকৃত | ৪ | সংখ্যা | মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ২০ | ৫ |
| ৩.৫ বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ চালুকরণ | বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরিত | ৪ | % | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ২৫ | ২৫ |

২.৩। সভাকে অবহিত করা হয় যে, বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৩

অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪র্থ কোয়ার্টারে মহাব্যবস্থাপক (মাইন অপারেশন) অথবা উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস্) কর্তৃক ১টি সভা আহ্বান করতে হবে। উক্ত সভাটি অদ্যাবধি আয়োজন করা হয়নি মর্মে উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে সভাটি আয়োজন করার প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৪। কোম্পানির কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৫ অনুযায়ী আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে মালামাল অকেজো ঘোষণা ও নিষ্পত্তিকরণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করতে হবে। সভায় উল্লেখ করা হয় যে, ইতোমধ্যে উক্ত নীতিমালা প্রণয়ন করা হয়েছে এবং কোম্পানি বোর্ডের অনুমোদনক্রমে তা কোম্পানিতে কার্যকর করা হয়েছে।

২.৫। সভায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল ২০২২ - জুন ২০২২) বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন (প্রমাণসসহ) প্রস্তুতপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে পেট্রোবাংলায় দাখিল ও কোম্পানির ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যে ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ডিপার্টমেন্ট/ব্যক্তিগণ কর্তৃক আগামী ০৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) নৈতিকতা কমিটির নিকট প্রেরণে সচেষ্ট হবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

২.৬। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৭ অনুযায়ী আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। সভাকে অবহিত করা হয় যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী পুরস্কার প্রদানের লক্ষ্যে গত ৩১ মার্চ ২০২২ তারিখে একটি বাছাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

২.৭। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.২ অনুযায়ী ক্রয়কার্যের ৮০% ই-জিপি টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করা; ক্রমিক ৩.৩ অনুযায়ী বিদ্যুতের অপচয় রোধ করা এবং ক্রমিক ৩.৪ অনুযায়ী মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাই নিশ্চিত করার জন্য কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্টসমূহ সচেষ্ট থাকবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

২.৮। সভায় উল্লেখ করা হয় যে, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৫ অনুযায়ী ৪র্থ কোয়ার্টারে ঠিকাদার কর্তৃক দাখিলকৃত মোট বিলের মধ্যে ২৫% বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ঠিকাদারের বিল প্রাপ্তির বিষয়টি সহজীকরণ ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে বিষয়টি বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে উদ্দেশ্যটি উপলব্ধি করে বিষয়টি যথাযথভাবে প্রতিপালনের জন্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সচেষ্ট থাকতে হবে মর্মে সভা একমত পোষণ করে।

২.৯। সভাকে অবহিত করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণে আগামী ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ১৫ মে ২০২২ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণের জন্য পেট্রোবাংলার নৈতিকতা কমিটি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। সে অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে বিসিএমসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণের প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়।

৩.০। সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪র্থ কোয়ার্টারে ১ (এক) টি সভা আহ্বান করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), বিসিএমসিএল।

৩.২। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৭ অনুযায়ী আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

**কার্যব্যবস্থায়:** শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি, বিসিএমসিএল।

৩.৩। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৫ অনুযায়ী বিলের অর্থ সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বিসিএমসিএল।

৩.৪। আগামী ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ১৫ মে ২০২২ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।

**কার্যব্যবস্থায়:** সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু তাহের মোঃ নূর-উজ-জামান চৌধুরী
মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড এক্সপ্লোরেশন) ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২১.১০২

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯
১১ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৩) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৪) মহাব্যবস্থাপক, মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৫) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৭) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৮) উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস) ও মার্কেটিং বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৯) উপ-মহাব্যবস্থাপক, স্টোর ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১০) উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১১) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১২) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১৩) সকল বিভাগ, ডিপার্টমেন্ট ও শাখা প্রধান, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, দিনাজপুর।



মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক (আর.টি.এল এন্ড আর) এবং সদস্য-
সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি